



'সমানো মন্ত্র: সমিতি: সমানী'

UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours Part-III Examination, 2022

বাংলা

ষষ্ঠ পত্র

Time Allotted: 4 Hours

Full Marks: 100

পাঠ্য সংখ্যা প্রসঙ্গের পূর্ণমান নির্দেশক।
পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

- ১। 'বীরঙ্গনা কাব্যে' আধুনিকতার লক্ষণ কী কী ভাবে প্রকাশ পেয়েছে আলোচনা করো। ১৬
অথবা
তোমার বিচারে 'বীরঙ্গনা কাব্য' এর শ্রেষ্ঠ পত্রিকা কোনটি? যুক্তিসহ আলোচনা করো।
- ২। 'সোনারতরী' কবিতাটির অন্তর্নিহিত রূপকটির মর্মার্থ বিশ্লেষণ করো। ১৬
অথবা
'আকাশের চাঁদ' কবিতাটির একটি রসগ্রাহী আলোচনা করো।
- ৩। 'নবজাতক' কাব্যের নামকরণের তাৎপর্য ও সার্থকতা বুঝিয়ে দাও। ১৬
অথবা
'রাজপুতানা' কবিতাটির একটি রসগ্রাহী আলোচনা করো।
- ৪। (ক) 'কচি ডাব' কবিতায় কবির দুঃখবাদী চেতনা কেমনভাবে ধরা পড়েছে তা দৃষ্টান্তসহ বিশ্লেষণ করো। ১০
অথবা
'দারিদ্র্য' কবিতায় দারিদ্র্যের নিষ্ঠুরতা ও মহত্বকে কবি কীভাবে প্রতিষ্ঠিত করেছেন — আলোচনা করো।
(খ) কুমুদরঞ্জন একাধারে বাউল ও কবি — আলোচনা করো। ১০
অথবা
'পাছ' কবিতায় কবির ভোগবাদী দর্শনের পরিচয় দাও।
- ৫। (ক) 'নগ্ন নির্জন হাত' কবিতায় কবির রোমান্টিক চেতনার পরিচয় দাও। ১০
অথবা
'উটপাখি' কবিতার নিরিখে সুধীন্দ্রনাথ দত্তকে নৈরাশ্যবাদী কবি বলা যায় কিনা বিচার করো।
(খ) "আধুনিক কালের প্রেম খণ্ডিত ও আশাহত" — "টপ্পা ঠুংরি" কবিতা অবলম্বনে আলোচনা করো। ১০

অথবা

‘ফুল ফুটুক না ফুটুক’ কবিতায় আধুনিক জীবনের যে সংকট রূপায়িত হয়েছে তা আলোচনা করো।

৬। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাওঃ

৪×৩ = ১২

(ক) ‘বীরাঙ্গনা কাব্য’-এর নারী চরিত্রগুলি কোন্ অর্থে বীরাঙ্গনা তা সংক্ষেপে লেখো।

(খ) ‘দেবতারে প্রিয় করি প্রিয়েরে দেবতা’ — তাৎপর্য বিশ্লেষণ করো।

(গ) ‘বসুন্ধরা’ কবিতায় কবির কোন্ মানস-প্রবণতার পরিচয় পাওয়া যায় ?

(ঘ) “মানবের শিশু বারে বারে আনে
চির আশ্বাসবাণী”

— তাৎপর্য বিশ্লেষণ করো।

(ঙ) “ওরা তাই স্পর্ধায় চলে
বুদ্ধের মন্দিরতলে।”

— ওদের চরিত্র বৈশিষ্ট্যের পরিচয় দাও।

—×—